বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**দেলদুয়ার, টাঙ্গাইল।**

মুজিব বর্ষ 100

স্মারক নং ৩১.৩০.৯৩২৩.০০০.১১.০০৩.২০-৩২

তারিখ: ১৫/০১/২০২৩ খ্রি.

**জলমহাল ইজারা বিজ্ঞপ্তি**
**(বিজ্ঞপ্তি নং ১/১৪২৯ বাংলা)**

এতদ্বারা প্রকৃত মৎসজীবী সমবায় সমবায় সমিতি সংগঠন/ সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেলদুয়ার উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন ইজারাযোগ্য ২০ (বিশ) একর পর্যন্ত আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ মোতাবেক আগামী ০৩(তিন) বছর অর্থাৎ ১৪৩০-১৪৩২ বঙ্গাব্দ মেয়াদের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্ত ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ১৩/১২/২০২২ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ)-২) ৪৭ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/ সমিতির নিকট থেকে (যেখানে যা প্রযোজ্য) শর্তসাপেক্ষে অনলাইনে আবেদনপত্র গ্রহণ/ কার্যক্রম গ্রহণ করা হবে। আগ্রহী সমিতির সভাপতি/ সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.land.gov.bd অথবা http://jm.lams.gov.bd/ লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে চলতি বাংলা ১৪২৯ সনের আগামী ০৬ মাঘ/ ১৪২৯ বঙ্গা. থেকে ২৫ মাঘ/ ১৪২৯ বঙ্গা. (২০ জানুয়ারি/ ২০২৩ খ্রি. থেকে ০৮ ফেব্রুয়ারি/ ২০২৩ খ্রি.) অনলাইনে আবেদন দাখিল করতে হবে। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময় সীমার মধ্যে আবেদনের সকল প্রিন্ট কপিসহ জামানতের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মুলকপি ও আবেদনবাবদ জমাকৃত চালানের মুলকপি সীলগালা মুখবন্ধ খামে অফিস চলাকালীন আবশ্যিকভাবে এ কার্যালয়ে দাখিল করতে হবে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এবং এ সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের জারীকৃত পরিপত্র/ নির্দেশনার আলোকে প্রাপ্ত আবেদনসমূহ নির্ধারিত সিডিউল মোতাবেক যাচাই বাছাই অন্তে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারার সিদ্ধান্ত গৃহীত হবে।

| ক্র. নং | গৃহীত কার্যক্রম | সময় ও তারিখ |
|---|---|---|
| ১. | অনলাইনে আবেদন দাখিল | ০৬/ ১৪২৯ বঙ্গা. থেকে ২৫ মাঘ/ ১৪২৯ বঙ্গা. (২০ জানুয়ারি/২০২৩ খ্রি. থেকে ০৮ ফেব্রুয়ারি/২০২৩ খ্রি.) |
| ২. | অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেলদুয়ার, টাঙ্গাইলে দাখিল | ২৬ মাঘ ১৪২৯ বঙ্গা. হতে পরবর্তী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে |

**জলমহালের তালিকাঃ**

| ক্র নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | ইজারাকৃত জলমহালের নাম | জলমহালের আয়তন (একর) | বিগত তিন বছরের গড় ইজারা মূল্য | ৫% বৃদ্ধিতে বার্ষিক সরকারী ইজারা মূল্য | ইজারার মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | দেলদুয়ার | আটিয়া | নান্দুরিয়া টেংরাকুড়াবিল | ৪.১৬ | ১৮,৩৭৫/- | ১৯,২৯৪/- | ১৪৩০-১৪৩২ | |
| ২ | দেলদুয়ার | এলাসিন | সিংহরাগী রঙ্গিলা পুকুর | ২.৮৫ | ২৬,২৫০/- | ২৭,৫৬৩/- | ১৪৩০-১৪৩২ | |
| ৩ | দেলদুয়ার | লাউহাটী | স্বল্পগুনটিয়া পুকুর | ০.৬৯ | ৩,৬৭৫/- | ৩,৮৫৯/- | ১৪৩০-১৪৩২ | |
| ৪ | দেলদুয়ার | আটিয়া | নান্দুরিয়া পুকুর | ০.৬১ | ৩,৬৭৫/- | ৩,৮৫৯/- | ১৪৩০-১৪৩২ | |

**শর্ত সমূহঃ**

১। নির্ধারিত মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জমা প্রদানের মাধ্যমে অনলাইনে আবেদন দাখিল করতে হবে।
২। দাখিলকৃত আবেদনে প্রার্থীর জলমহালের বিগত ৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
৩। নির্দিষ্ট জলমহালে নিকটবর্তী বা তার তীরবর্তী প্রকৃত সংস্যজীবীদের সমিতি/ সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর/ সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বা সমবায় সমিতিসমূহ নিকটবর্তী বা তীরবর্তী জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

চলমান পাতা-২



CamScanner

৪। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমিতি/ সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার ও আহবায়ক, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

৫। প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিপ্তরে বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজরারায় অংশ গ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন। তবে সে সমিতি কোন সরকারি জলমহাল ইজারা পাওয়ার যোগ্য হবে না। কোন ব্যক্তি বা কোন অনিবন্ধিত সমিতি সরকারী জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন না।

৬। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/ সমিতি/ সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল ইজারা প্রাপ্তির অযোগ্য বিবেচিত হবেন। আবেদনকারী মৎস্যজীবী/ সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ উপজেলা সমবায়/ সমাজসেবা কর্মকর্তা ( যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে এবং সাথে বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের/ সমিতির জন্য অডিট রিপোর্ট এর প্রয়োজন হবে না।

৭। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলার মৎস্যজীবী সংগঠন/ সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

৮। লীজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/ সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি করে থাকে তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজ মানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহীতা মৎসজীবী সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল ইজারা প্রাপ্তির সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

৯। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা পাবে না।

১০। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লীজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১১। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর লীজমানির সাথে একত্রে প্রদান করতে হবে।

১২। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

১৩। জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয়ে অত্রাফিসে এবং উপজেলা ভূমি অফিস, দেলদুয়ার, টাঙ্গাইল হতে জানা যাবে।

১৪। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

১৫/০১/২৩

(ফারহানা আলী)
উপজেলা নির্বাহী অফিসার
দেলদুয়ার, টাঙ্গাইল।
ও সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দেলদুয়ার, টাঙ্গাইল।

স্মারক নং ৩১.৩০.৯৩২৩.০০০.১১.০০৩.২০-৩৯/১ (৫০) তারিখ: ১৫/০১/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল।

১। মাননীয় সংসদ সদস্য ১৩৫- টাঙ্গাইল ৬ নির্বাচনী এলাকা।
২। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), টাঙ্গাইল।
৪। উপজেলা চেয়ারম্যান, দেলদুয়ার, টাঙ্গাইল।
৫। উপজেলা.....................................কর্মকর্তা, দেলদুয়ার, টাঙ্গাইল।
৬। চেয়ারম্যান..............................ইউ.পি.।
৭। ইউনিয়ন ভূমি উপ/সহকারী কর্মকর্তা.................................. ইউনিয়ন ভূমি অফিস। বিজ্ঞপ্তিটি ঢোল সহতরের মাধ্যমে বা মাইকিং করে ব্যপক প্রচারের জন্য অনুরোধ করা হল।
৮। নোটিশ বোর্ড .......................(অত্রাফিস), দেলদুয়ার, টাঙ্গাইল।

১৫/০১/২৩

(সুচি রানী সাহা)
সহকারী কমিশনার (ভূমি)
দেলদুয়ার, টাঙ্গাইল।
ও সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
দেলদুয়ার, টাঙ্গাইল।



CamScanner